## ২.০৩ হিসাবচক্র
### Accounting Cycle

দুতরফা দাখিলা পদ্ধতি মোতাবেক একটি ধারাবাহিক ও সুনির্দিষ্ট প্রক্রিয়ায় হিসাববিজ্ঞান কার্যাদি সম্পন্ন করতে হয়। লেনদেন সনাক্তকরণের মাধ্যমে হিসাববিজ্ঞান প্রক্রিয়া শুরু হয় যা লিপিবদ্ধকরণ, শ্রেণিবদ্ধকরণ, সংক্ষিপ্তকরণ, আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ও এদের ব্যাখ্যা-বিশ্লেষণ দ্বারা শেষ হয়। প্রতিটি হিসাবকালে এ কার্যক্রমগুলো চক্রাকারে সম্পন্ন হয়ে থাকে। হিসাববিজ্ঞান কার্যাবলির এধরনের ক্রমানুগতিক ঘূর্ণায়মান বা চক্রাকার আবর্তনকে বলা হয় হিসাবচক্র।

**হিসাবচক্রের বিভিন্ন ধাপ বা পর্যায়সমূহ:** হিসাবচক্র হলো মূলত একটি প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ কার্যাবলির পর্যায়ক্রমিক প্রকাশ। বিভিন্ন হিসাববিজ্ঞানী হিসাবচক্রকে বিভিন্ন ধাপে ব্যাখ্যা করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের প্রখ্যাত হিসাববিজ্ঞানী *Kieso & Weygandt*-তাদের Accounting Principles বইতে হিসাবচক্রের দশটি ধাপ ব্যাখ্যা করেছেন। নিম্নে একটি চিত্রের সাহায্যে হিসাবচক্রের ধাপগুলো উপস্থাপন করা হলো–




চিত্র: হিসাবচক্র

১. **লেনদেন চিহ্নিতকরণ (Identification of Transaction):** হিসাবচক্রের সর্বপ্রথম ধাপ হলো লেনদেন চিহ্নিতকরণ। যেসব ঘটনা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় তাকে আর্থিক ঘটনা বা লেনদেন বলে। এ কারবার প্রতিষ্ঠানের অসংখ্য ঘটনা থেকে আর্থিক ঘটনাগুলো সনাক্ত করা হিসাব চক্রের প্রথম ধাপ।

২. **জাবেদাভুক্তকরণ (Journalization):** হিসাবচক্রের দ্বিতীয় ধাপ হলো জাবেদাভুক্তকরণ। এ পর্যায়ে প্রতিটি লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করে তারিখের ক্রমানুসারে ব্যাখ্যাসহ হিসাবের প্রাথমিক বইতে লিপিবদ্ধ করাকে জাবেদা বলে।

Scanned with CamScanner

৩. **খতিয়ানভুক্তকরণ (Posting to Ledger):** এটি হিসাবচক্রের তৃতীয় ধাপ। জাবেদাভুক্ত করার পর একটি নির্দিষ্ট হিসাব বইতে সমজাতীয় লেনদেনগুলো নির্দিষ্ট শিরোনামে পৃথক পৃথকভাবে লিপিবদ্ধ করা হলে তাকে খতিয়ানভুক্তকরণ বলে।

৪. **রেওয়ামিল প্রস্তুতকরণ (Preparation of Trial Balance):** হিসাবচক্রের চতুর্থ ধাপ হলো রেওয়ামিল প্রস্তুতকরণ। এ পর্যায়ে খতিয়ানভুক্ত হিসাবের ডেবিট ও ক্রেডিট উদ্বৃত্ত নিয়ে তালিকা প্রস্তুত করা হলে তাকে রেওয়ামিল বলে। খতিয়ান হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই-এর লক্ষ্যে এবং আর্থিক বিবরণী প্রণয়ন সহজতর করার জন্য রেওয়ামিল প্রস্তুত করা হয়।

৫. **সমন্বয় দাখিলা (Adjusted Entries):** রেওয়ামিল প্রস্তুতের পর একটি নির্দিষ্ট হিসাবকালের সঠিক নিট লাভ নির্ণয় করার জন্য বকেয়া ও অগ্রিম আয়-ব্যয়গুলো সমন্বয় করতে যে জাবেদা দাখিলা প্রদান করা হয় তাকে সমন্বয় জাবেদা বলে।

**কার্যপত্র (Work Sheet)—ঐচ্ছিক:**

সমন্বয় দাখিলার পর অনেক প্রতিষ্ঠান কার্যপত্র প্রস্তুত করে থাকে। কার্যপত্র হলো একটি বড় বিবরণী যে বিবরণীতে রেওয়ামিল, সমন্বয়, সমন্বিত রেওয়ামিল, আয় বিবরণী ও উদ্বর্তপত্র থাকে। আর্থিক বিবরণী সহজ ও নির্ভুলভাবে প্রস্তুতের জন্য এটি প্রস্তুত করে থাকে। আর্থিক বিবরণী প্রস্তুতের লক্ষ্যে যে খসড়া বিবরণী প্রস্তুত করা হয় তাকে কার্যপত্র বলে।

৬. **সমন্বিত রেওয়ামিল (Adjusted Trial Balance):** সমন্বয় জাবেদার পর উক্ত জাবেদাগুলো আবার খতিয়ানের বিভিন্ন হিসাবে স্থানান্তর করা হলে হিসাবগুলোর নতুন যে জের পাওয়া যাবে তা নিয়ে আবার রেওয়ামিল প্রস্তুত করা হলে তাকে সমন্বিত রেওয়ামিল বলে।

৭. **আর্থিক বিবরণী প্রস্তুতকরণ (Preparation of Financial position):** হিসাবচক্রের সপ্তম ধাপ হলো আর্থিক বিবরণী প্রস্তুতকরণ। একটি নির্দিষ্ট হিসাবকালের আর্থিক ফলাফল ও হিসাবকাল শেষে আর্থিক অবস্থা প্রদর্শনের জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়ে থাকে।

৮. **সমাপনী দাখিলা (Closing Entries):** ব্যবসায় প্রতিষ্ঠানের সমস্ত হিসাবগুলোকে দুভাগে ভাগ করা হয়। যথা: আয়-ব্যয় সংক্রান্ত হিসাব এবং সম্পত্তি ও দায় সংক্রান্ত হিসাব। আয়-ব্যয় ও উত্তোলনের হিসাবগুলোর উপযোগিতা সংশ্লিষ্ট হিসাবকালের মধ্যেই শেষ হয়ে যায় বিধায় এগুলোকে পরবর্তী হিসাবকালে স্থানান্তরের প্রয়োজন হয় না। তাই আয়, ব্যয় ও উত্তোলন সংক্রান্ত হিসাবগুলো বন্ধ করার জন্য যে জাবেদা দাখিলা প্রদান করা হয় তাকে সমাপনী জাবেদা বলে।

৯. **সমাপনী উত্তর রেওয়ামিল (Post Closing Trail Balance):** হিসাবচক্রের নবম ধাপ হলো সমাপনী-উত্তর রেওয়ামিল। সমাপনী দাখিলা প্রদানের পর তা আবার খতিয়ানস্থ হিসাবসমূহে স্থানান্তর করলে আয়-ব্যয় ও উত্তোলনগুলোর জের শূন্য হয়। আর অবশিষ্ট থাকে সম্পত্তি, দায় ও মূলধনের জের। এগুলোর জের নিয়ে নতুন করে আবার রেওয়ামিল প্রস্তুত করলে তাকে সমাপনী উত্তর রেওয়ামিল বলে।

১০. **বিপরীত দাখিলা (Reversing Entries):** এটা হিসাবচক্রের শেষ ধাপ। বকেয়া আয়-ব্যয়ের সমন্বয় জাবেদাগুলো পরবর্তী হিসাবকালের শুরুতে উল্টিয়ে জাবেদা প্রদান করাকে বিপরীত জাবেদা বলে। আয় ও ব্যয়কে দুবার গণনা থেকে রেহাই পাওয়ার জন্য ও কার্যকরভাবে লেনদেন লিপিবদ্ধ করার জন্য এ জাবেদা দাখিলা প্রদান করে থাকে।

Scanned with CamScanner